

বয়স

বৃদ্ধির উপায়

মূল : ডক্টর শায়খ মুহাম্মদ ইবনে ইবরাহীম আন-না'য়ীম
অনুবাদ : শাইখ আবু আহমাদ সাইফুদ্দিন বেলাল মাদানী
সম্পাদনা : উমার ফারুক আব্দুল্লাহ

দাওলতুল ক্বের

মাদরাসা মার্কেট, বাগাবাজার, ঢাকা-১১০০



বইটি সংক্ষিপ্ত আকারে বেশিরভাগ সৎ আমলসমূহের সমাহার, যার সওয়াব আপনার বর্ধিত বয়সের জন্য এক নতুন সংযোজন। (যা পাঠক মহোদয় দেখতে পাবেন)। এর দ্বারা আপনার নেকিসমূহের উৎপাদনীয় বয়স অংকের বয়সের চেয়ে বেশি দীর্ঘ হয়।

বইটি এক অণুবীক্ষণযন্ত্রের (Microscope) ন্যায় যা আমাদের দৃষ্টির জন্য প্রকাশ করে দেয় নতুন এক গুরুত্বপূর্ণ দিগন্ত। যাতে রয়েছে অনেকগুলো হাদীস যা আমরা পড়ি কিন্তু না বুঝে ও চিন্তা-ভাবনা না করে দ্রুত গতিতে চলে যাই।

এ বইটিতে তিনটি অধ্যায় আছে

প্রথম অধ্যায় : বয়স বৃদ্ধির গুরুত্ব ও তার মর্মার্থ ।

দ্বিতীয় অধ্যায় : যে সকল আমল বয়স বৃদ্ধি করে ।

এতে রয়েছে কিছু পরিচ্ছেদ :

প্রথম পরিচ্ছেদ : মহৎ চরিত্র ও গুণাবলি দ্বারা বয়স বৃদ্ধি ।

দ্বিতীয় পরিচ্ছেদ : অধিক সওয়াবের আমলসমূহ দ্বারা বয়স বৃদ্ধি ।

তৃতীয় পরিচ্ছেদ : মৃত্যুর পর যে সকল আমলের সওয়াব জারি থাকবে তা দ্বারা বয়স বৃদ্ধি ।

চতুর্থ পরিচ্ছেদ : সময়কে বিনিয়োগ করে বয়স বৃদ্ধি ।

তৃতীয় অধ্যায় : সৎ আমল দ্বারা উৎপাদনীয় বয়সের হেফাজত করার পদ্ধতি ।



যাবতীয় গুণগান, প্রশংসা ও সিজদায়ে শুকর মহান আল্লাহর জন্য, যিনি তার অপার অনুগ্রহ পাশে আবদ্ধ করে “বয়স বৃদ্ধির উপায়” নামক অতি মূল্যবান ও গুরুত্বপূর্ণ বইটি প্রকাশের তাওফীক দান করলেন। ফালিল্লাহিল হামদ।

দরুদ ও সালাম বর্ষিত হোক মানবতার মুক্তির দূত, নবীকুল শিরোমণি মুহান্নাদের উপর।

শ্রদ্ধেয় উস্তাজ শাইখ আবু আহমাদ সাইফুদ্দিন বেলাল মাদানী নিজ অনূদিত “বয়স বৃদ্ধির উপায়” বইটি দারুল

কারার পাবলিকেশন্স হতে প্রকাশ করার অনুমতি প্রদান করায় তার কৃতজ্ঞতা প্রকাশ করছি। অতঃপর কৃতজ্ঞতা প্রকাশ করছি যারা বিভিন্নভাবে বইটি প্রকাশে উৎসাহ ও সহযোগিতা প্রদান করেছেন তাদেরও।

যথাসাধ্য চেষ্টার পরও মুদ্রণত্রুটি থাকা অস্বাভাবিক নয়। সম্মানিত পাঠক সমীপে আবেদন, আমাদেরকে তা অবহিত করবেন; আমরা পরবর্তী সংস্করণে সংশোধনের উদ্যোগ নেব ইনশাআল্লাহ।

-বিনীত প্রকাশক



সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর জন্য। দরুদ ও সালাম
বর্ষিত হোক আমাদের প্রিয় নবী মুহাম্মদ (সা.), তাঁর
পরিবার ও সকল সাহাবাগণের প্রতি। অতঃপর লেখক
মহোদয় “বয়স বৃদ্ধির উপায়” নামের বইটি আদি-অন্ত
আমার প্রতি পেশ করেন। বইটিতে যা পেয়েছি তা হলো:

১. ৩টি অধ্যায় ও সারসংক্ষেপ এবং প্রতিটি অধ্যায়ে
একাধিক পরিচ্ছেদ।
২. বইটি তার বিষয়বস্তুতে উপকারী ও লাভজনক সমষ্টির
সমাহার।

৩. বইটিতে উল্লেখিত সকল দলিল হতে অনেক সওয়াবের প্রমাণ ও লেখক যে সমস্ত সিদ্ধান্ত পেশ করেছেন, তার প্রতি পূর্বে কেউ পাঠক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে পারেননি। তিনি মানুষের সাধারণ বয়স ও উৎপাদনীয় বয়সের মাঝে তুলনা করেছেন। মানুষ যখন ঐ সকল হাদীসের সওয়াবের আশায় আমল করবে এবং তার জীবনকে সেগুলোর প্রতি অভ্যস্ত করাবে তখন তার বয়স দুই পন্থায় বৃদ্ধি পাবে :

(ক) প্রথম পন্থা : প্রকৃত বয়স বৃদ্ধি।

(খ) সৎ আমলসমূহ ও বেশি নেকির কার্যাদি দ্বারা উৎপাদনীয় বয়সের বৃদ্ধি।

এসব সূক্ষ্ম ও তীক্ষ্ণ দৃষ্টি আকর্ষণ যা এই বইটির পাঠকের জন্য উচিত বিচক্ষণতার সঙ্গে বুঝা এবং তার মূল্যায়ন করা।

৪. বইটির বিষয়বস্তু সর্বশ্রেণীর মানুষের জন্য প্রয়োজন : বিদ্বান, ছাত্র-ছাত্রী, তরুণ-তরুণী, প্রৌঢ়-বৃদ্ধ ও নারী-পুরুষ সবার।

৫. লেখক যে-সকল ফযিলতের আমল উল্লেখ করেছেন তা অতি সহজসাধ্য। কিন্তু সে জন্য প্রয়োজন দু'টি জিনিসের যা করতে অনেক মানুষই অপারগ।

(ক) সৎ নিয়ত (খ) এ সকল সওয়াবের চিন্তা-ভাবনা করা।

আর তা হচ্ছে আমাদের চিন্তা করা যে, কিভাবে অল্প সময়ে এসব সওয়াব অর্জন করা যায় যা, বয়সকে বহুগুণে বৃদ্ধি করে দেয় ।

পরিশেষে আল্লাহর নিকট আশা করি, এ বইটি দ্বারা লেখক, পাঠকসহ যঁারা এর প্রচার ও প্রসারের কাজে অংশ গ্রহণ করবেন তাঁরা সকলে উপকৃত হয় । আবারো দরুদ ও সালাম বর্ষিত হোক আমাদের নবী মুহাম্মদ (সা.), তাঁর পরিবার ও সকল সাহাবাগণের প্রতি ।

ড. সালেহ ইবনে গানেম আস-সাদলান

শরিয়া বিভাগ, রিয়াদ-ইমাম ইবনে সাউদ ইসলামিক বিশ্ববিদ্যালয়,
শুক্রবার ০১/০১/১৪১৫ হি.

— মূল বই হতে অনূদিত —



প্রশংসা মাত্রই আল্লাহর জন্য। দরুদ ও সালাম আমাদের নবী মুহাম্মদ (সা.) এবং তাঁর পরিবার ও সাহাবাগণের প্রতি বর্ষিত হোক।

এ পৃথিবীতে প্রতিটি মানুষই চায় দীর্ঘজীবী হতে। তাই ঘৃণা করে মৃত্যুর মত মহা সত্যকে। মৃত্যুর কবল থেকে বাঁচার কোন উপায় থাকলে যে করে হোক তা করতে সকলে। কিন্তু চিরঞ্জীব একমাত্র মহান আল্লাহ ছাড়া আর সবাইকে একদিন মরতেই হবে।

আপনি কি জানতে চান কী করলে বয়স বাড়ে এবং এর পদ্ধতি কী?

আমরা কুরআন ও সহীহ হাদীস এবং সালাফে সালাহীনদের নির্ভরযোগ্য বাণীসমূহ দ্বারা “বয়স বৃদ্ধির উপায়” নামক এই ছোট বইটি আপনার জন্য উপহার দিচ্ছি।

বইটির প্রথম প্রকাশ করতে পারায় আমরা আল্লাহ তা‘য়ালার মহান দরবারে অশেষ শুকরিয়া জ্ঞাপন করছি। পাঠক মহোদয় এটা থেকে উপকৃত হলে আমাদের পরিশ্রম সার্থক হবে। যাঁরা এ মহৎ কাজে সহযোগিতা করেছেন, তাঁদের সকলকে আমাদের সন্তুষ্টি ধন্যবাদ জানাই।

পরিশেষে আমাদের নিবেদন এই যে, সংশোধনের কাজ কোন দিনও চূড়ান্ত করা যায় না। অতএব, বইটি পড়ার সময় কোন ভুল-ত্রুটি বা ভ্রম কারো দৃষ্টিগোচর হলে অথবা কোন নতুন প্রস্তাব থাকলে তা আমাদেরকে অবহিত করলে সাদরে গৃহীত হবে। আর পরবর্তী সংস্করণে যথাযথ বিবেচনা করা হবে।

আল্লাহ তা‘য়ালার আমাদের এই মহতী উদ্যোগ ও ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করুন। আমীন!

আবু আহম্মাদ সাইফুদ্দিন বেলাল মাদানী

আল-আহসা ইসলামিক সেন্টার
বাংলা বিভাগ, সৌদি আরব।
১৪/০৬/১৪৩০ হি. । ০৭/০৬/২০০৯ ইং



ভূমিকা

প্রকাশকের কথা

অনুবাদকের আবেদন

অভিমত

প্ৰথম অধ্যায় —————

বিষয়ের গুরুত্ব ও তাৎপর্য

২০

একটি বড় সমস্যা

২২

বয়স বাড়ার মর্মার্থ

২৩

বয়স বৃদ্ধির জন্য দু'আ করা জায়েজ আছে কি?

২৫

দ্বিতীয় অধ্যায় : প্রথম পরিচ্ছেদ

বয়স বৃদ্ধির আমলসমূহ

উত্তম চরিত্রের দ্বারা বয়স বৃদ্ধি ২৮

প্রথম অনুচ্ছেদ

আত্মীয়তা সম্পর্ক মজবুত রাখা ২৯

দ্বিতীয় অনুচ্ছেদ

সৎ ও উত্তম চরিত্র ৩১

তৃতীয় অনুচ্ছেদ

পড়শী ও প্রতিবেশীর প্রতি ইহসান ৩৪

দ্বিতীয় পরিচ্ছেদ

অধিক সওয়াবের আমল দ্বারা বয়স বৃদ্ধিকরণ ৩৫

প্রথম পন্থা

অধিক সওয়াবের আমলসমূহের প্রতি অনুরাগী হওয়া [১০টি অনুচ্ছেদ]

প্রথম অনুচ্ছেদ : সলাত

১. হারামাইন শারীফইনে বেশি বেশি সলাত আদায় করা ৩৬

২. মসজিদে জামাতের সাথে সলাত আদায়ের প্রতি যত্নবান হওয়া ৩৮

৩. বাড়িতে নফল সলাত আদায় করা ৪০

৪. জুমার সলাতের কিছু আদব অনুসরণ করা ৪১

৫. চাশতের সলাতের সংরক্ষণ ৪২

দ্বিতীয় অনুচ্ছেদ : হজ্জ ও উমরা ৪৪

১. সম্ভবপর নিজের মাল দ্বারা প্রতি বছর কিছু মানুষকে হজ্জ পালন করান ৪৪

২. ইশরাকের সলাত ৪৬

৩. বিভিন্ন মসজিদের আলোচনা ও শিক্ষণীয় ক্লাসগুলোতে উপস্থিত হওয়া ৪৭

৪. রমজান মাসে উমরা পালন করা ৪৮

৫. মসজিদে ফরজ সলাত সমূহ আদায় করা ৪৯

৬. কুবা মসজিদে সলাত আদায় করা ৫১

তৃতীয় অনুচ্ছেদ

মুয়াজ্জিন হন অথবা মুয়াজ্জিন যা বলে তার প্রতিধ্বনি করুন ৫২

চতুর্থ অনুচ্ছেদ : সিয়াম (রোজা) ৫৬

১. নির্দিষ্ট দিনের রোজা	৫৬
২. রোজাদারদের ইফতারি করানো	৫৮
পঞ্চম অনুচ্ছেদ : লাইলাতুল কদরের কিয়াম	৬০
ষষ্ঠ অনুচ্ছেদ : জিহাদ ফী সাবীলিল্লাহ	৬২
সপ্তম অনুচ্ছেদ	
যিলহজ্জ মাসের প্রথম দশকের সৎ আমল	৬৪
এ দশ দিনে যে সকল কার্যাদি করা মুস্তাহাব	৬৫
অষ্টম অনুচ্ছেদ	
কুরআন করীমের কিছু সূরা বারবার পাঠ করা	৬৮
নবম অনুচ্ছেদ : অধিক সওয়াবের যিকির	৭১
প্রথম প্রকার : অধিক সওয়াবের তাসবীহ	৭১
দ্বিতীয় প্রকার : অধিক সওয়াবের ইস্তিগফার (ক্ষমা চাওয়া)	৭৫
দশম অনুচ্ছেদ : মানুষের প্রয়োজন মিটানো	৭৮

দ্বিতীয় পন্থা

তৃতীয় পরিচ্ছেদ

মৃত্যুর পরে যে সকল আমলের সওয়াব জারি থাকে	
তা দ্বারা বয়স বৃদ্ধিকরণ [৪টি অনুচ্ছেদ রয়েছে]	৮৪
প্রথম অনুচ্ছেদ : গ্রহরী অবস্থায় মৃত্যু	৮৬
দ্বিতীয় অনুচ্ছেদ : সদকা জারিয়া তথা প্রবহমান দান-খয়রাত	৮৯
তৃতীয় পন্থা : সৎ সন্তান তরবিয়াত (প্রতিপালন) করা	৯৪
চতুর্থ অনুচ্ছেদ : মানুষকে জ্ঞান দান করা	৯৬
১. জ্ঞানের প্রচার-প্রসার ও বই-পুস্তক প্রণয়ণ	৯৬
২. আল্লাহ তা'আলার দিকে আহ্বান	৯৭
চতুর্থ পরিচ্ছেদ	
সময়কে কাজে লাগিয়ে বয়স বৃদ্ধিকরণ	
সময়কে কাজে লাগানোর গুরুত্ব	১০০
তওবার জন্য দ্রুত অগ্রসর হন	১০৪
বিশিষ্ট ব্যক্তিবর্গের তওবা	১০৫
আপনার জীবনের বৈধ কার্যাদিকে মূল্যায়ন করুন	১০৬



প্ৰথম অধ্যায়

বিষয়টির গুরুত্ব ও তাৎপৰ্য

আমাদের বেঁচে থাকার উদ্দেশ্য কী? আমাদের জীবনের উদ্দেশ্য খানাপিনা নয়; কারণ পানাহার জীবজন্তু ও কাফেররাও করে।

আল্লাহ তা'য়ালার বাণী :

﴿وَالَّذِينَ كَفَرُوا يَتَمَتَّعُونَ وَيَأْكُلُونَ كَمَا تَأْكُلُ الْأَنْعَامُ
وَالنَّارُ مَثْوًى لَّهُمْ﴾

“আর কাফেররা আনন্দ ও পানাহার করে যেমন-চতুষ্পদ জীবজন্তুরা পানাহার করে এবং তাদের ঠিকানা জাহান্নাম।”

আমাদের অস্তিত্বের একমাত্র উদ্দেশ্য আল্লাহর ইবাদত করা এবং কুপ্রবৃত্তি ও শয়তানের অবাধ্যতা করা। বাণিজ্যিক ভাষায় এর অর্থ : মৃত্যুর কোলে তোলে



পড়ার আগে কি করে সম্ভবপর বড় অংকের নেকি উপার্জন করা যায়।

একজন মুসলিম তার জীবনের প্রতি আগ্রহি হবে বেঁচে থাকার জন্য নয় বরং সম্ভবপর বড় অংকের নেকি উপার্জনের জন্য। নবী (সা.) একজন মানুষের প্রশ্নের উত্তরে বলেন :

أَيُّ النَّاسِ خَيْرٌ؟ قَالَ : مَنْ طَالَ عُمُرُهُ وَحَسُنَ عَمَلُهُ.

সর্বোত্তম মানুষ কে? তিনি (সা.) বলেন :

“যে ব্যক্তির বয়স দীর্ঘ হয় এবং তার আমলও ভাল হয়।”^২

